বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
যুগ্মপরিচালকের কার্যালয়, খুলনা বিভাগ
বিভাগীয় কমিশনারের কার্যালয় ভবন
৯ম তলা (পূর্ব পার্শ্ব), খুলনা-৯০০০
www.brdb.khulnadiv.gov.bd



স্মারক নং: ৪৭.৬২.০০০০.০০০.০০০.১১.০০১১.২৬. ১১০

তারিখ: ১৪ সেপ্টেম্বর, ২০২৬

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর আওতায় পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি (ইরেসপো) এর বিভিন্ন ক্যাটাগরির শূন্য পদ পূরণসহ প্যানেল তৈরীর নিমিত্ত বিতরণকৃত ঋণের অর্জিত সেবামূল্য হতে বেতন-ভাতা পরিশোধের শর্তে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগ করা হবে। খুলনা বিভাগের উল্লিখিত জেলার আগ্রহী যোগ্য প্রার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত পদসমূহে নিম্নোক্ত শর্তে সরাসরি আবেদন আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	গ্রেড ও বেতন স্কেল	পদ সংখ্যা	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সব জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
১	২	৩	৪	৫	৬
০১	সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো)	গ্রেড-১০ (সোকুল্য বেতন)	০৪	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে ২য় বিভাগে স্নাতক(সম্মান)/ স্নাতকোত্তর অথবা সমমানের ডিগ্রী। কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।	যশোর, ঝিনাইদহ, মেহেরপুর, চুয়াডাঙ্গা, নড়াইল, মাগুরা, খুলনা, বাগেরহাট এবং সাতক্ষীরা
০২	হিসাব সহকারী (ইরেসপো)	গ্রেড-১৪ (সোকুল্য বেতন)	০১	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে ২য় শ্রেণীর স্নাতক অথবা সমমানের ডিগ্রী। কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।	
০৩	মাঠ সংগঠক (ইরেসপো)	গ্রেড-১৪ (সোকুল্য বেতন)	০৯	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক অথবা সমমানের ডিগ্রী।	

শর্ত ও নিয়মাবলী:

০১. পদসমূহ সম্পূর্ণ অস্থায়ী ও শুধুমাত্র কর্মসূচির জন্য প্রযোজ্য, যা বিআরডিবি'র রাজস্ব বাজেটভুক্ত নয়।

০২. প্রার্থীদের খুলনা বিভাগের উল্লেখিত জেলার স্থায়ী অধিবাসী হতে হবে। প্রার্থীর নামে কোন ফৌজদারী বা অন্য কোন মামলায় দন্ডপ্রাপ্ত ব্যক্তি আবেদনের অযোগ্য বিবেচিত হবেন।

০৩. নিয়োগকৃত পদসমূহে বেতন-ভাতাদি বিতরণকৃত ঋণের আদায়কৃত সেবামূল্যসহ অন্যান্য অর্জিত আয় হতে কর্মসূচি'র নীতিমালা অনুযায়ী পরিশোধযোগ্য হবে।

০৪. সকল পদে প্রার্থীর সর্বোচ্চ বয়স ০১/০৯/২০২৬ খ্রি. তারিখে ৩৫ বছর এবং সর্বনিম্ন বয়স ১৮ বছর হতে হবে। বয়স সম্পর্কিত কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৫. আগ্রহী প্রার্থীকে বিআরডিবি'র ওয়েবসাইট www.brdb.gov.bd ও কর্মসূচি'র ওয়েবসাইট www.iresppw-brdb.gov.bd প্রকাশিত নির্ধারিত আবেদন ফরম এ "যুগ্মপরিচালক, যুগ্মপরিচালকের কার্যালয়, বিআরডিবি, খুলনা বিভাগ, বিভাগীয় কমিশনারের কার্যালয় ভবন, ৯ম তলা (পূর্ব পার্শ্ব),বয়রা, খুলনা-৯০০০" বরাবর আবেদন করতে হবে।

০৬. আবেদন ফরমের সাথে ১০/- (দশ) টাকা ডাকটিকিটসহ ফেরত খাম (খামের প্রাপক অংশে যোগাযোগের ঠিকানা লিখে দিতে হবে) অবশ্যই সংযুক্ত করতে হবে। **আবেদন ফরমের সাথে ছবি ব্যতিত অন্য কোন কাগজপত্র প্রেরণের প্রয়োজন নেই।**

০৭. খামের উপরে অবশ্যই আবেদনকৃত পদের নাম স্পষ্ট করে লিখতে হবে। একটি খামে একাধিক আবেদনপত্র প্রেরণ করা হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৮. আবেদনের সময় নামের বানান সতর্কতার সাথে শিক্ষা সনদের সাথে মিলিয়ে লিখতে হবে, শিক্ষা সনদে উল্লিখিত নামের বানানের বাইরে পদবি/মৃত ইত্যাদি লিখা যাবে না। স্থায়ী ঠিকানা সঠিকভাবে লিখতে হবে। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ের বা নিয়োগদানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভুয়া প্রমাণিত হলে তার আবেদন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৯. আবেদনপত্রের সাথে **"IRESPPW BRDB Khulna Division"** শিরোনামে জনতা ব্যাংক, নূরনগর শাখা, খুলনার অনুকূলে সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো) পদের জন্য ২০০/-(দুই শত) টাকা এবং হিসাব সহকারী (ইরেসপো) ও মাঠ সংগঠক (ইরেসপো) পদের জন্য ১০০/-(এক শত) টাকার পে-অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।

১০. বিভাগীয় প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে পারবেন। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে পূর্ববর্তী কর্মকাল গণনাযোগ্য হবে না।

১১. প্রাপ্ত আবেদন প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগাযোগের ঠিকানায় প্রবেশপত্র প্রেরণ করা হবে। লিখিত পরীক্ষার ফলাফল বিআরডিবি ও কর্মসূচি'র ওয়েবসাইটসহ (www.brdb.gov.bd ও www.iresppw-brdb.gov.bd) সংশ্লিষ্ট দপ্তরের নোটিশ বোর্ডে প্রকাশিত হবে। উল্লেখ্য, মৌখিক পরীক্ষার জন্য পৃথক কোন প্রবেশপত্র প্রেরণ করা হবে না।

১২. লিখিত ও মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থী ও প্যানেল তালিকা বিআরডিবি ও কর্মসূচি'র ওয়েবসাইট (www.brdb.gov.bd ও www.iresppw-brdb.gov.bd) এবং সংশ্লিষ্ট দপ্তরের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।

১৩. নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ দেয়া হবে না।

১৪. বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে, যা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হবে।

১৫. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই (ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি (খ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (গ) কম্পিউটার জ্ঞান সংক্রান্ত সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) (ঘ) ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের অনলাইন কপি (ঙ) জাতীয় পরিচয়পত্র (চ) অভিজ্ঞতা সনদ (যদি থাকে), (ছ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি পত্রসহ সকল সনদপত্রের মূল কপি প্রদর্শনপূর্বক সত্যায়িত কপি জমা প্রদান করতে হবে।

১৬. চূড়ান্ত নির্বাচিত প্রার্থীদেরকে যোগদানের সময় ডোপ টেস্টের রিপোর্ট জমা দিতে হবে। ডোপ টেস্টে মাদক সংক্রান্ত রিপোর্ট পজেটিভ হলে প্রার্থীর নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

১৭. যোগ্য প্রার্থীদের মধ্য হতে মেধা ও প্যানেল এর তালিকা প্রস্তুত এবং সে আলোকে নিয়োগ প্রদান করা হবে। দাপ্তরিক প্রয়োজনে কর্মচারীদের প্রকল্পভূক্ত যে কোন উপজেলায় পদায়ন করা হতে পারে।

১৮. নিয়োগের ক্ষেত্রে যে কোনো তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১৯. নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। অনিবার্য কারণে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২০. আগ্রহী প্রার্থীগণকে উল্লিখিত শর্ত পূরণ সাপেক্ষে আগামী ১৮/১০/২০২৬ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে কেবলমাত্র সরকারি ডাক/কুরিয়ারযোগে "যুগ্মপরিচালক, যুগ্মপরিচালকের কার্যালয়, বিআরডিবি, খুলনা বিভাগ, বিভাগীয় কমিশনারের কার্যালয় ভবন, ৯ম তলা (পূর্ব পার্শ্ব), বয়রা, খুলনা-৯০০০" বরাবর আবেদনপত্র পৌছাতে হবে।

14.9.26

এ কে এম আশরাফুল ইসলাম
যুগ্মপরিচালক
ও
সভাপতি
জনবল নিয়োগ কমিটি

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
২. পরিচালক (সরেজমিন), বিআরডিবি, ঢাকা
৩. উপ-মহাপুলিশ পরিদর্শক, খুলনা রেঞ্জ, খুলনা।
৪. কর্মসূচি পরিচালক (ইরেসপো), বিআরডিবি, ঢাকা।
৫. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. উপপরিচালক (সকল)-------------- জেলা, খুলনা বিভাগ, খুলনা (বহুল প্রচারের অনুরোধসহ)।
৭. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (কর্মসূচির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. ---------------------------------- সদস্য, ইরেসপো বিভাগীয় জনবল বাছাই কমিটি, খুলনা বিভাগ, খুলনা।
১০. সংশ্লিষ্ট নথি/নোটিশ বোর্ড।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি (ইরেসপো)

০১ কপি ছবি আঠা দিয়ে লাগাতে হবে

চাকরির আবেদন ফরম

১.	পদের নাম:			
২.	বিজ্ঞপ্তির নম্বর:		তারিখ:	
৩.	প্রার্থীর নাম:	বাংলায়:		
		ইংরেজীতে (বড় অক্ষরে):		
৪.	জাতীয় পরিচয় নম্বর:			যে কোন একটি
	জন্ম নিবন্ধন নম্বর:			
৫.	জন্ম তারিখ:		৬. জন্মস্থান (জেলা):	
৭.	বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স:	বছর	মাস	দিন
৮.	মাতার নাম:			
৯.	পিতার নাম:			
১০.	ঠিকানা:	বর্তমান	স্থায়ী	
	বাসা ও সড়ক (নাম ও নম্বর):			
	গ্রাম/পাড়া/মহল্লা:			
	ইউনিয়ন/ ওয়ার্ড:			
	ডাকঘর:			
	পোষ্ট কোড নম্বর:			
	উপজেলা:			
	জেলা:			
১১.	যোগাযোগ:	মোবাইল/টেলিফোন নম্বর:	ই-মেইল (যদি থাকে):	
১২.	জাতীয়তা:		১৩.	জেন্ডার:
১৪.	ধর্ম:		১৫.	পেশা:

১৬. শিক্ষাগত যোগ্যতা:

পরীক্ষার নাম	বিষয়	শিক্ষা প্রতিষ্ঠান	পাসের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়	গ্রেড/শ্রেণি/বিভাগ

১৭.	অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে):			
১৮	অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে):			
১৯.	কোটা (টিক দিন):	মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা		এতিম/ শারীরিক প্রতিবন্ধী
		ক্ষুদ্র নৃ-গোষ্ঠী	আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য	অন্যান্য (উল্লেখ করুন):
২০.	চালান নম্বর:		তারিখ:	
	ব্যাংক ও শাখার নাম:			
২১.	বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন):	হ্যাঁ	না	প্রযোজ্য নয়

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমানের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করলে তা মেনে নেওয়াসহ আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ:

প্রার্থীর স্বাক্ষর

CS Scanned with CamScanner